



নোটিশ:- ০৩/২০২৬

তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি:


৬ষ্ঠ ব্যাচ ক্যাডেট যোগদান নোটিশ

বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেটে ৬ষ্ঠ ব্যাচে ভর্তি সম্পন্নকারী ক্যাডেটদের প্রশিক্ষণ আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ হতে বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেটে শুরু হবে। ৬ষ্ঠ ব্যাচে ভর্তি সম্পন্নকারী সকল ক্যাডেটকে একজন অভিভাবকসহ নিম্নে উল্লেখিত সময় অনুযায়ী যোগদানের নির্দেশনা প্রদান করা হলো।

- ১। ৬ষ্ঠ ব্যাচে ভর্তি সম্পন্নকারী সকল ক্যাডেট একজন অভিভাবকসহ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রোজ রবিবার সকাল ০৯৪৫ ঘটিকায় নিজ ব্যবস্থাপনায় ইতিপূর্বে সরবরাহকৃত তালিকা মোতাবেক পোশাক/প্রয়োজনীয় সরঞ্জাম, **অবশিষ্ট কমান্ড্যান্ট বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট এর অনুকূলে বাৎসরিক ফি ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার পে-অর্ডার ও** নথিপত্রাদিসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) একাডেমিতে উপস্থিত হয়ে একাডেমির অডিটোরিয়ামে আসন গ্রহণ করবেন।
- ২। ৬ষ্ঠ ব্যাচে ভর্তি সম্পন্নকারী ক্যাডেটবৃন্দ অভিভাবকসহ অডিটোরিয়ামে আসন গ্রহণের পর অডিটোরিয়ামে অবশিষ্ট **পে-অর্ডার এবং অন্যান্য নথিপত্রাদি** (প্রয়োজ্য ক্ষেত্রে) একাডেমি প্রতিনিধির নিকট জমা প্রদান করবেন।
- ৩। ১১০০ ঘটিকায় একাডেমির এ্যাডজুটেন্ট ক্যাডেটদের অভিভাবকদের উদ্দেশ্যে একাডেমির কার্যক্রম ও ক্যাডেট প্রশিক্ষণ এর উপর সংক্ষিপ্ত “Power Point Presentation” উপস্থাপন করবেন।
- ৪। ১১১৫ ঘটিকায় একাডেমির কমান্ড্যান্ট ৬ষ্ঠ ব্যাচের ক্যাডেট এবং তাদের অভিভাবকদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য প্রদান করবেন।
- ৫। ১১৩০-১১৫৫ ঘটিকা পর্যন্ত অভিভাবকবৃন্দ অডিটোরিয়ামে একাডেমির কমান্ড্যান্ট, প্রশিক্ষণের সাথে জড়িত সকল কর্মকর্তা ও প্রশিক্ষকের সহিত মতবিনিময় করতে পারবেন।
- ৬। ৬ষ্ঠ ব্যাচের ক্যাডেট যোগদানের সময় অভিভাবকবৃন্দকে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হলঃ
 - (ক) একাডেমিতে অবস্থানকালীন ক্যাডেট কর্তৃক ব্যক্তিগত মোবাইল ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। একাডেমিতে অবস্থানকালীন সময় ক্যাডেটগণ সাপ্তাহিক ছুটির দিন সংক্ষিপ্ত সময়ের জন্য অভিভাবকদের সাথে ফোনলাপের সুযোগ পাবেন।
 - (খ) একাডেমিতে অবস্থানকালীন সময় “Parents Day” ব্যাতিত ক্যাডেটদের অভিভাবক কিংবা আত্মীয়স্বজনের সাথে একাডেমি প্রাঙ্গণে দেখা করা সম্পূর্ণ নিষিদ্ধ। “Parents Day” অনুষ্ঠিত হবার তারিখ এবং সময় যথা সময়ে অভিভাবকবৃন্দকে অবহিত করার পাশাপাশি একাডেমির ওয়েবসাইটে (<https://macademysylhet.portal.gov.bd/>) প্রকাশ করা হবে।
 - (গ) একাডেমিতে অবস্থানকালীন সময় ক্যাডেটগণ কোনরূপ ব্যক্তিগত ছুটি পাবেন না। অতীব জরুরি প্রয়োজন ছাড়া অভিভাবকবৃন্দকে এরূপ আবেদনে নিরোৎসাহিত করা হলো।
 - (ঘ) ক্যাডেটদের শারীরিক সমস্যা এড়ানোর জন্য পূর্বের কোনরূপ জটিল রোগের ইতিহাস/নিয়মিত শারীরিক সমস্যা (যদি থাকে) চিকিৎসকের প্রেসক্রিপশনের অনুলিপি (প্রয়োজ্য ক্ষেত্রে) ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ একাডেমির নিজস্ব চিকিৎসা কর্মকর্তার নিকট প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। এছাড়াও বিশেষ প্রয়োজন এবং পরিস্থিতিতে নিম্নলিখিত ফোন নাম্বারে অভিভাবকবৃন্দ যোগাযোগ করতে পারবেন।

এ্যাডজুটেন্ট : ০১৭৮৯-৪১৭৬৯৯
এসসিপিও (জিআই) : ০১৭৬৯-৭৬৫২৪৭
পিএ টু প্রধান-শিক্ষা কর্মকর্তা : ০১৭৩৯-৭৮৩২১২




নৌ-প্রকৌশলী মোঃ হুমায়ুন কবির
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট
MarEngr. Md. Humayun Kabir
Commandant
Bangladesh Marine Academy, Sylhet